অবি লম্বে প্রকাশে র উদ্দে শ্যে: 9/29/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

স্টেটের ক্যানাল সিস্টেমে ভ্রমণ ও ভাড়া নেয়ার জন্য নৌযানে বিদ্যুতায়নকে উৎসাহিত করার জন্য গভর্নর হোচুলের গ্রিন বোট কর্মসূচি উদ্বোধন

জীবাশ্ম জ্বালানি থেকে বৈদ্যুতিক প্রপালশনে রূপান্তরকে সমর্থন করার জন্য নিউইয়র্ক পাওয়ার অথরিটি প্রণোদনামূলক কর্মসূচি তৈরি করেছে

নিউ ইয়র্ক স্টেটের কোম্পানি দ্বারা নির্মিত বৈদ্যুতিক মোটরের মাধ্যমে পাইলট রচেস্টার এলাকায় ভাড়া নেয়ার বোট সফলভাবে রিট্রোফিট করেছে

নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল সিস্টেমে চলাচলকারী ভ্রমণ ও ভাড়া নেয়ার নৌযানগুলোতে বিদ্যুতায়নকে এগিয়ে নিতে গভর্নর ক্যাথি হোচুল আজ "গ্রিন বোট" কর্মসূচি চালু করার ঘোষণা দিয়েছেন। *রিইমাজিন দ্যা ক্যানেলস (Reimagine the Canals)* উদ্যোগের মাধ্যমে, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি ও নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন ক্যানাল সিস্টেমে চলাচলকারী ভ্রমণ, ভাড়ায় চালিত ও চার্টার বোট অপারেটরদের জীবাশ্ম জ্বালানী চালিত উপযুক্ত জাহাজকে বৈদ্যুতিক প্রপালশনে রূপান্তরিত করার জন্য একটি প্রণোদনামূলক কর্মসূচি তৈরি করছে। এই ধরনের একটি কর্মসূচিতে আগ্রহ আকর্ষণ করার জন্য, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি সম্প্রতি একটি আগ্রহ প্রকাশের অনুরোধ ("RFEI") প্রকাশ করেছে এবং ওয়েইন কাউন্টির মেসিডনে এরি ক্যানেল অ্যাডভেঞ্চার (Erie Canal Adventures) কোম্পানির 42-ফুট দীর্ঘ একটি চার্টার বোটকে ডিজেল থেকে বৈদ্যুতিক শক্তিতে সফলভাবে রূপান্তরের মাধ্যমে একটি পাইলট প্রকল্প বাস্তবায়ন করেছে।

"নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে জাতির নেতৃত্ব দিচ্ছে, এবং এই উদ্ভাবনী নতুন কর্মসূচি আমাদের নির্গমন কমানো ও বৈদ্যুতিক যানবাহন প্রযুক্তি গ্রহণকে উৎসাহিত করার জন্য আমাদের স্টেটব্যাপী প্রচেষ্টার সাথে হাতে-হাত-মিলিয়ে এগিয়ে চলছে," **বলেছেন গভর্নর হোচুল।** "গ্রিন বোট দেখিয়ে দেবে যে বিদ্যুতায়ন একটি অর্জনযোগ্য ও বাস্তবসম্মত লক্ষ্য এবং একই সাথে আমাদের ক্যানাল সিস্টেমে পরিচালনাকারী অপারেটর ও এসব নৌযানে ভ্রমণকারী হাজার হাজার পর্যটকদের অভিজ্ঞতাকে উন্নত করবে। এই কর্মসূচি নিউ ইয়র্কের বায়ু ও পানির দূষণ কমাবে এবং একটি গুরুত্বপূর্ণ শিল্পকে সচল রাখবে।"

নৌযানকে বৈদ্যুতিক মোটর ও ব্যাটারিতে রূপান্তর করার অগ্রিম খরচ হলো ক্যানাল সিস্টেমে নির্মল জ্বালানি প্রযুক্তি ব্যাপকভাবে গ্রহণের ক্ষেত্রে একক বৃহত্তম বাধা। "গ্রিন বোট" কর্মসূচি সেই প্রাথমিক মূলধন ব্যয়, বিদ্যুতায়ন প্রচেষ্টাকে ত্বরান্বিত করা এবং সিদ্ধান্ত গ্রহণকে উৎসাহিত

করার লক্ষ্যে সুনির্দিষ্ট বিনিয়োগ ও প্রণোদনা প্রদান করে যা একইসাথে ব্যবসা ও পরিবেশগত স্বার্থকে উপকৃত করে। কাজের সুযোগ ও প্রত্যেক আবেদনকারীর জাহাজের সংখ্যার উপর ভিত্তি করে তহবিলের পরিমাণ পরিবর্তিত হবে।

"গ্রিন বোট" কর্মসূচি জাহাজের জীবাশ্ম জ্বালানী দহনের ফলে সৃষ্ট শব্দ, দূষণ ও গন্ধ দূর করে ক্যানাল সিস্টেমের অভিজ্ঞতাকে উন্নত করবে এবং নিউ ইয়র্ক স্টেটের অঙ্গীকারের সাথে সঙ্গতিপূর্ণ হবে যাতে স্টেটব্যাপী গ্রীনহাউস গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 2030 সালের মধ্যে 40 শতাংশ কমে আসে ও 2050 সালের মধ্যে 85 শতাংশ কমে আসে।

NYPA-এর প্রেসিডেন্ট ও CEO গিল সি. কুইনিওন্স বলেন, "আমরা এই প্রণোদনামূলক কর্মসূচি প্রদান করতে পেরে গর্বিত, যা আরো পরিষ্কার-পরিচ্ছন্ন ও আরো সবুজ একটি ভবিষ্যতের জন্য কাজ করে যা শুধু নৌযান পরিচালক ও পর্যটকদেরই নয়, বরং খালের পাশে বসবাসকারী হাজার হাজার বাসিন্দাদেরও উপকার করবে। আমাদের বিনিয়োগ দেখাবে যে বিদ্যুতায়ন সহজেই নাগালের মধ্যে রয়েছে এবং আগামী বছরগুলিতে নৌযানগুলির বিদ্যুতায়নের জন্য সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ হতে নৌযানের অপারেটর ও স্থানীয় সরকার উভয়কেই উদ্‌বুদ্ধ হতে সহায়তা করবে।"

এরি ক্যানাল অ্যাডভেঞ্চারের সাথে পাইলট প্রকল্পের অধীনে, 42-ফুট দীর্ঘ ট্যুর বোটের বিদ্যমান ডিজেল ইঞ্জিনকে নিউ ইয়র্কের এথেন্স-ভিত্তিক নির্মাতা এলকো মোটর ইয়টস দ্বারা সরবরাহকৃত বৈদ্যুতিক মোটর দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে। ডিজেল থেকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তর প্রক্রিয়ার সময় ট্যুর বোটের উল্লেখযোগ্য ফিচারগুলো অটুট রাখা হয়েছে। এই পাইলট প্রকল্পের সাফল্যের পরিপ্রেক্ষিতে, এরি ক্যানাল অ্যাডভেঞ্চারস এখন তার সম্পূর্ণ জীবাশ্ম জ্বালানি চালিত বহরকে সম্পূর্ণভাবে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তর করার কথা ভাবছে।

নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "এই কর্মসূচি ক্যানাল সিস্টেমের *রিইমাজিন দ্য ক্যানালস (Reimagine the Canals)* উদ্যোগের মূল্য মূল্যবোধগুলো বাস্তবায়নের জন্য কাজ করে, যা ক্যানাল সিস্টেমের সৌন্দর্য ও অবকাঠামোর পাশাপাশি নতুন প্রযুক্তি ও ভবিষ্যতের জন্য উজ্জ্বল সম্ভাবনা নিয়ে আসে। আমরা নৌযান অপারেটরদের ব্যবসাকে আরো পরিবেশবান্ধব ও আর্থিকভাবে টেকসই করার পাশাপাশি তাদের নির্গমন কমাতে সাহায্য করার অপেক্ষায় রয়েছি। এই কর্মসূচি নিউ ইয়র্ককে স্টেটব্যাপী নির্গমন কমানোর জন্য গভর্নরের উচ্চাভিলাষী লক্ষ্যে পৌঁছাতেও সহায়তা করে।"

এরি ক্যানাল অ্যাডভেঞ্চার্স-এর প্রেসিডেন্ট ব্রায়ান কেনান বলেন, "গ্রিন বোট কর্মসূচি একটি যুগান্তকারী এবং এ ধরনের প্রথম প্রকল্প যা নিউ ইয়র্ক স্টেটকে আলাদাভাবে তুলে ধরবে এবং এরি ক্যানালে বিনোদনকে একটি টেকসই, পরিবেশবান্ধব ভবিষ্যতের দিকে নিয়ে যাবে। আজকের দিনের চাহিদা মেটাতে আমরা কিভাবে একটি নতুন টেকসই পদ্ধতিতে জলপথে কাজ করি তা পুনর্বিবেচনা করার সময় এরি ক্যানালের ইতিহাসকে বাঁচিয়ে রাখার এটি একটি দুর্দান্ত সুযোগ। এটি এরি ক্যানাল, পরিবেশ ও সামগ্রিকভাবে আমাদের স্টেটের জন্য একটি বিজয়।"

বৈদ্যুতিক প্রপালশন প্রযুক্তি ব্যবহারের লক্ষণীয় পরিবেশগত ও আর্থিক সুবিধা রয়েছে, যদিও এতে প্রায় ক্ষেত্রেই জীবাশ্ম জ্বালানির বিকল্পগুলোর চেয়ে প্রাথমিক ব্যয় বেশি হয়ে থাকে। এই "গ্রিন বোট" কর্মসূচির মাধ্যমে দেয়া NYPA-এর সহায়তা ক্যানালগুলিতে অপারেটরদের বৈদ্যুতিক ব্যবস্থায় রূপান্তরের বিভিন্ন সুবিধা পেতে সহায়তা করবে, যার মধ্যে রয়েছে:

- জলপথে জীবাশ্ম জ্বালানী দহনের কারণে দূষণ, শব্দ ও গন্ধ কমিয়ে ক্যানালে দর্শনার্থীদের অভিজ্ঞতা উন্নত করা
- পরিবেশগত প্রভাব সম্পর্কে ক্রমবর্ধমানভাবে উদ্বিগ্ন দর্শকদের কাছে তাদের পরিষেবার আকর্ষণ বাড়ানোর জন্য ক্যানেলে অপারেটরদের সক্ষম করে তোলা
- জলপথে জীবাশ্ম জ্বালানী দহনের কারণে বর্তমানে বিরূপ প্রভাবের সম্মুখীন হওয়া খালপাড়ের কমিউনিটিগুলোতে বায়ু, শব্দ ও পানির গুণগত মানের লক্ষ্য অর্জনে সহায়তা করা
- পরিবহন খাতে নির্গমন কমানোর জন্য নিউ ইয়র্ক স্টেটের লক্ষ্যকে এগিয়ে নেওয়া।

রিইমেজিন দ্য ক্যানালস উদ্যোগের মাধ্যমে, এরি ক্যানাল করিডরকে একটি পর্যটন ও বিনোদনের গন্তব্য হিসেবে পুনরুজ্জীবিত করার পাশাপাশি অর্থনৈতিক উন্নতি অর্জন ও খালপাড়ে বসবাসকারী কমিউনিটির প্রাণোচ্ছলতা উন্নত করতে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি পাঁচ বছরে 300 মিলিয়ন ডলার প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে।

NYPA: নৌযান বিদ্যুতায়নে নেতৃস্থানীয়
1846 সাল থেকে জলপ্রপাতের নিচে চলাচলকারী নায়াগ্রা জলপ্রপাতের আইকনিক ট্যুর বোট মেইড অফ দ্য মিস্ট, 2020 সালের অক্টোবরে, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি, নিউইয়র্ক স্টেট পার্ক, বিনোদন, ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ কর্তৃপক্ষ, ও ডিজিটাল প্রযুক্তিতে নেতৃস্থানীয় ABB-এর মধ্যে একটি উদ্ভাবনী সহযোগিতার মাধ্যমে যুক্তরাষ্ট্রে প্রথম দু'টি সম্পূর্ণ-ইলেকট্রিক, শূন্য-নির্গমনকারী যাত্রীবাহী নৌযান চালু করে। NYPA নৌযান পরিচালনার জন্য পরিচ্ছন্ন, নবায়নযোগ্য জলবিদ্যুৎ সরবরাহ করে এবং বিদ্যুতায়ন প্রক্রিয়া জুড়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান করে। NYPA নৌযানগুলির জন্য বিদ্যুৎ ব্যবহারের চলমান পর্যবেক্ষণের তত্ত্বাবধান করে যাতে সেগুলো বিদ্যুৎ সাশ্রয়ী হয় ও সবচেয়ে সাশ্রয়ী পদ্ধতিতে পরিচালিত হয়।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)
নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্ব স্থানীয় জলবায়ুর কর্মসূচী হল দেশের সব চেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিচ্ছন্ন শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 থেকে সেরে ওঠার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের ডলারে বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলারে, সৌরশক্তির মাত্রা

বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলারে, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের ডলারে বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে $1.2 বিলিয়নের বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছয় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন